

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রাথমিক শিক্ষা অফিস
মাগুরা

নিয়োগপত্র

স্মারক নং: ৩৮.০১.৫৫০০.০০০.১১.০০১.২৫-১০৭৪

তারিখ: ১২ আশ্বিন ১৪৩৩
২৭ সেপ্টেম্বর ২০২৬

প্রাথমিক শিক্ষা অধিদপ্তরাদীন রাজস্বখাতভুক্ত সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা, ২০২৫ এর ফলাফলের ভিত্তিতে কেন্দ্রীয় প্রাথমিক শিক্ষক নিয়োগ কমিটি কর্তৃক সুপারিশকৃত এবং প্রাথমিকভাবে নির্বাচিত নিম্নোক্ত প্রার্থীগণকে জাতীয় বেতনস্কেল ২০১৫ অনুযায়ী বেতনস্কেল: টাকা ১১০০০-২৬৫৯০ (গ্রেড-১৩) বেতনক্রমে মাগুরা জেলার শ্রীপুর উপজেলার সরকারি প্রাথমিক বিদ্যালয়ে রাজস্বখাতভুক্ত সহকারী শিক্ষকের শূন্যপদে ২ নং অনুচ্ছেদের শর্ত অনুযায়ী অস্থায়ী ভিত্তিতে নিয়োগ প্রদান করা হলো:

ক্র. নং	রোল নম্বর	উপজেলা ভিত্তিক মেধাক্রম	নাম, পিতা/স্বামীর নাম ও মাতার নাম	স্থায়ী ঠিকানা	বর্তমান ঠিকানা
১	৬৩১৩০১৮	১	জনাব মিঠুন সাহা পিতা: মলয় সাহা মাতা: ভারতী সাহা	গ্রাম: রাধানগর ডাক: রাধানগর শ্রীপুর, মাগুরা	গ্রাম: রাধানগর ডাক: রাধানগর শ্রীপুর, মাগুরা
২	৬৩১৮৪১৬	৩	জনাব ফিরোজ মাহমুদ পিতা: দানেজ মোল্যা মাতা: আনোয়ারা বেগম	গ্রাম: চরপাড়া ডাক: আমলসার শ্রীপুর, মাগুরা	গ্রাম: চরপাড়া ডাক: আমলসার শ্রীপুর, মাগুরা
৩	৬৩১২৯৯২	১৩	জনাব সজীব কুমার বিশ্বাস পিতা: সুভাষ চন্দ্র বিশ্বাস মাতা: গঙ্গা রানী বিশ্বাস	গ্রাম: টুপিপাড়া ডাক: খামারপাড়া শ্রীপুর, মাগুরা	গ্রাম: টুপিপাড়া ডাক: খামারপাড়া শ্রীপুর, মাগুরা
৪	৬৩১১১৮০	১৪	জনাব মুসফিকা রহমান পিতা: মোঃ মসিয়ার রহমান মাতা: মঞ্জুরা বেগম	গ্রাম: শ্রীপুর ডাক: শ্রীপুর শ্রীপুর, মাগুরা	গ্রাম: শ্রীপুর ডাক: শ্রীপুর শ্রীপুর, মাগুরা
৫	৬৩১১১৯৬	১৫	জনাব মোছাঃ রিপ্তা খাতুন স্বামী: মোঃ হুমায়ুন কবির মাতা: মাছুরা বেগম	গ্রাম: দরিবিলা ডাক: শ্রীকোল শ্রীপুর, মাগুরা	গ্রাম: দরিবিলা ডাক: শ্রীকোল শ্রীপুর, মাগুরা
৬	৬৩১৮৯৬৮	১৭	জনাব সুজন খান পিতা: মৃত আব্দুল আজিজ খান মাতা: মুক্তি বেগম	গ্রাম: বরালিদহা ডাক: রাধানগর শ্রীপুর, মাগুরা	গ্রাম: বরালিদহা ডাক: রাধানগর শ্রীপুর, মাগুরা

- ২। (ক) যোগদানের তারিখ থেকে ২(দুই) বৎসর পর্যন্ত চাকুরিকাল শিক্ষানবিশকাল হিসেবে গণ্য হবে;
- (খ) শিক্ষানবিশকালে কর্মদক্ষতা, আচরণ ও সন্তোষজনক চাকুরির রেকর্ড সাপেক্ষে বিধি মোতাবেক চাকরি স্থায়ীকরণের বিষয় বিবেচনা করা হবে এবং শিক্ষানবিশকালে যে কোন ধরনের অসদাচরণের জন্য কোন কারণ দর্শানো ব্যতিরেকেই চাকরি হতে অপসারণ করা যাবে;
- (গ) শিক্ষানবিশকালে কোন ধরনের বদলির আবেদন করা যাবে না;
- (ঘ) শিশুকে শারীরিক ও মানসিক নির্যাতন করা যাবে না, করলে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে;
- (ঙ) নিয়োগপ্রাপ্ত শিক্ষক কর্তৃক যে কোন সময়ে সরবরাহকৃত যে কোন তথ্য ও সনদপত্র মিথ্যা/ভুল/ত্রুটিপূর্ণ প্রমাণিত হলে এ নিয়োগ আদেশ বাতিল করা হবে এবং প্রচলিত আইনের বিধান অনুযায়ী তাঁর/তাদের বিরুদ্ধে ফৌজদারি মামলা দায়ের করা হবে;
- (চ) নিয়োগপ্রাপ্ত শিক্ষকগণকে যোগদানের পর সরকার নির্ধারিত ০২(দুই) মাসের প্রশিক্ষণে অংশগ্রহণ করতে হবে;
- (ছ) অন্যান্য ০৪ (চার) বৎসরের মধ্যে নির্ধারিত মৌলিক প্রশিক্ষণ (বিটিপিটি) গ্রহণ করতে হবে। উক্ত প্রশিক্ষণ গ্রহণে ব্যর্থ হলে কিংবা অনুত্তীর্ণ হলে তার চাকরি স্থায়ী করা হবে না এবং চাকরি বিধি অনুসারে তাঁর বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা হবে;
- (জ) চাকরিতে যোগদানকালে তাঁকে যোগদানপত্রের সাথে ৩০০/- (তিনশত) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্প এ মর্মে একটি বন্ড সম্পাদন করতে হবে যে, তিনি নিজের বা পরিবারের অন্যান্য সদস্যদের জন্য কোন যৌতুক নিবেন না এবং কোন যৌতুক দিবেন না;
- (ঝ) এ নিয়োগ আদেশে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি, এরূপ ক্ষেত্রে তাঁর চাকরি সংক্রান্ত বিষয়ে সরকারের প্রচলিত বিধি-বিধান ও আদেশ প্রযোজ্য হবে এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি-বিধান ও আদেশ অনুসারে তাঁর চাকরি নিয়ন্ত্রিত হবে;

- ৩। নিয়োগপ্রাপ্ত শিক্ষকগণকে জেলা প্রাথমিক শিক্ষা অফিসে সশরীরে উপস্থিত হয়ে নির্ধারিত তারিখে চাকরিতে যোগদান করতে হবে;
- ৪। অনুচ্ছেদ ১, ২ ও ৩ এ উল্লিখিত শর্তাবলি তাঁর নিকট গ্রহণযোগ্য বিবেচিত হলে আগামী ০১ অক্টোবর ২০২৬ তারিখ বৃহস্পতিবার অফিস চলাকালীন মাগুরা জেলা প্রাথমিক শিক্ষা অফিসে যোগদান করবেন। নির্ধারিত তারিখে চাকরিতে যোগদান না করলে তিনি চাকরিতে যোগদান করতে সম্মত নন বলে ধরে নেয়া হবে এবং এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে;
- ৫। নিয়োগকৃত শিক্ষকগণ 'বেতন-ভাতাদি প্রাতিষ্ঠানিক কোড নং ১২৪০২০৯০০০০০০ সরকারি প্রাথমিক বিদ্যালয়সমূহ'-এর বেতন-ভাতাদি খাত হতে প্রাপ্য হবেন;
- ৬। প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের জারিকৃত নিয়োগ বিজ্ঞপ্তির স্মারক নং ৩৮.০১.০০০০.১৪৩.১১.০১০.২৫-২০৭, তারিখ: ০৫.১১.২০২৫ খ্রি. অনুসারে এ নিয়োগ প্রদান করা হলো।

মোঃ আমিরুল ইসলাম

জেলা প্রাথমিক শিক্ষা অফিসার
মাগুরা

২৭.১১.২৬
তারিখ:

১২ আশ্বিন ১৪৩৩
২৭ সেপ্টেম্বর ২০২৬

স্মারক নং: ৩৮.০১.৫৫০০.০০০.১১.০০১.২৫-১০৭৪/১৫

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো:

- ১। মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ২। জেলা প্রশাসক, মাগুরা।
- ৩। পুলিশ সুপার (বিশেষ), মাগুরা।
- ৪। বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, খুলনা বিভাগ, খুলনা।
- ৫। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ৩য় ফেজ (৫ম তলা), সেগুনবাগিচা, ঢাকা।
- ৬। সিভিল সার্জন, মাগুরা।
- ৭। উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার, শ্রীপুর, মাগুরা।
- ৮। উপজেলা হিসাবরক্ষণ অফিসার, শ্রীপুর, মাগুরা।

৯-১৪। জনাব.....প্রযুক্তি.....

গ্রাম/মহল্লা.....ডাকঘর/পোস্ট.....কোড.....

উপজেলা: শ্রীপুর, জেলা: মাগুরা।

১৫। সংরক্ষণ নথি।

মোঃ আমিরুল ইসলাম

জেলা প্রাথমিক শিক্ষা অফিসার
মাগুরা

২৭.১১.২৬
তারিখ: